

জি আর আর এম মাইনুটস  
স্থান : সিএমটিসি  
সময়ঃ ১০টা  
তারিখঃ ১০.১২.১২ ইং

উপস্থিতিঃ

১. রোজিনা আকতার (ঈদগাও শাখা)
২. জুলেখা আকতার (হনীলা শাখা)
৩. শাহিনা আকতার (খুটাখালী শাখা)
৪. তানিয়া (রামু)
৫. রুবি পাল (সদর-১)
৬. করবী দাস (পেকুয়া শাখা, হেলথ সহকর্মী)
৭. বেবী (হোয়ানক শাখা, হেলথ সহকর্মী)
৮. জিকুন আরা (চকরিয়া শাখা, হেলথ সহকর্মী)
৯. এমি কুলছুম (বদর খালী শাখা, হেলথ সহকর্মী)
১০. রোমানা আকতার (সদর-২)

অদ্য সকাল ১০ ঘটিকায় অনুষ্ঠিত জিআর আর এম এর সভাপতিত্ব করেন কক্সবাজার সদর ১ শাখার রুবি পাল ও সচিবের দায়িত্ব পালন করেন খুটাখালী শাখার শাহিনা আকতার এবং সভার কার্যক্রম পরিচালনা করেন শাহেনা খানম সেতু। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১. **যোঁথ সাপোর্ট :** বিকাল বেলা যোঁথ সাপোর্ট দিতে গিয়ে অফিসের কাজ ঠিকমত করতে পারে না। এক্ষেত্রে যদি উর্ধতন সহকর্মীদের সাপোর্ট পাওয়া যায় তাহলে টাকাও আদায় হবে সাথে অফিসের কাজও ঠিক মত করা যাবে।
২. **তুলনামূলক ভাবে ওষুধের দাম বেশিঃ** হেলথ সহকর্মীরা জানান বর্তমান বাজার দরের তুলনায় আমাদের ওষুধের দাম বেশি হওয়ায় বিক্রি করতে সমস্যা হচ্ছে এবং মাস শেষে টার্গেট পূরণ করা সম্ভব হচ্ছে না।
৩. **প্রশিক্ষণ না পাওয়া :** পেকুয়া শাখার হেলথ সহকর্মী করবী দাস এবং বদরখালী শাখার এমি কুলছুম জানান তারা আজ দীর্ঘদিন ( করবী ৩ বছর ও এমি ১ বছর) ধরে হেলথ প্রোগ্রামে কাজ করে যাচ্ছেন যাদের সেই বিষয়ে কোন প্রশিক্ষণ নেই। যার কারনে তাদেরকে খুব সমস্যার সম্মুখীন হতে হয়। তাই তারা ব্যবস্থাপনার কাছে আবেদন রাখেন ভবিষ্যতে যেন কাউকে প্রশিক্ষণ বিহীন কোন কাজে না দেয়।
৪. **সমন্বয় রেখে বন্ধ :** সরকারী বন্ধের দিন গুলোতে অন্যান্য এনজিও রা যদি সমিতি বন্ধ দিয়ে দেয় সে ক্ষেত্রে কালেকশনে দিয়ে আমাদেরকে সমস্যায় পড়তে হয়। আজকের আলোচনার মাধ্যমে সবাই ব্যবস্থাপনার কাছে অনুরোধ জানান যেন ঐ দিন আমাদেরও বন্ধ রাখা হয়।
৫. **নতুন প্রোগ্রামে বদলি :** দীর্ঘদিন ক্ষুদ্রখান কার্যক্রমে কাজ করার ফলে অনেক সহকর্মী একটু অন্য রকম কাজ করতে চায় এক্ষেত্রে তাদের কে যদি আমাদের অন্য প্রোগ্রাম গুলোতে কাজ করার সুযোগ দেয়া যায় কিনা তার জন্য ব্যবস্থাপনার দৃষ্টি আকর্ষণ করা হয়।
৬. **বিবিধ :** পরিশেষে এ রকম একটা মিটিং এ যারা বিশেষ করে নুতন অংশ গ্রহন করেছেন তারা কোস্ট ট্রাস্টের খুব প্রশংসা করেন এবং পাশাপাশি কিছু দাবিও রাখেন যেমন ; মাতৃত্বকালীন ছুটি ৫ মাস করা যায় কিনা এবং উর্ধবতন সহকর্মীদের ব্যবহার নমনীয় করা যায় কিনা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার মিটিং শেষ করেন।